

🔳 আয-যারিয়াত | Adh-Dhariyat | ٱلذَّارِيَات

আয়াতঃ ৫১: ৪২

আরবি মূল আয়াত:

مَا تَذَرُ مِن شَيءٍ أَتَت عَلَيهِ إِلَّا جَعَلَتهُ كَالرَّمِيمِ ﴿٢٢﴾

🗚 আনুবাদসমূহ:

ঐ বায়ু যার উপরে এসেছিল তাকে রেখে যায়নি, বরং সবকিছুকে চূর্ণ-বিচূর্ণ করে দিয়েছিল। — আল-বায়ান তা যা কিছুর উপর দিয়ে বয়ে গিয়েছিল তাকে চূর্ণ-বিচূর্ণ ও ধ্বংসস্তপে পরিণত না করে ছাড়েনি। — তাইসিরুল এটা যা কিছুর উপর দিয়ে বয়ে গিয়েছিল তাকেই চূর্ন বিচূর্ণ করে দিয়েছিল। — মুজিবুর রহমান It left nothing of what it came upon but that it made it like disintegrated ruins. — Sahih International

8২. এটা যা কিছুর উপর দিয়ে বয়ে গিয়েছিল তাকেই যেন পরিণত করল চূর্ণ-বিচূর্ণ ধ্বংসস্তুপে।

তাফসীরে জাকারিয়া

(৪২) তা যা কিছুর উপর দিয়ে বয়ে গিয়েছিল, তাকেই চূর্ণ-বিচূর্ণ করে ছেড়েছিল। [1]

[1] এ ছিল সেই বাতাসের প্রতিক্রিয়া, যা আ'দ জাতির উপর শাস্তি স্বরূপ প্রেরণ করা হয়েছিল। এই প্রবল বাতাস সাত রাত এবং আটদিন ধরে লাগাতার চলেছিল। (সূরা হা-ক্লাহঃ ৭)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4717

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন